



ঘাটতি পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
শাখা- ১০ (পিআইইউ)
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৩৫.০১.০৪৫.২২.৪৯

তারিখ: ২০ মে, ২০২৬ খ্রি.

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাদ্বারা ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইন্সটিটিউট এর ২০২৩-২০২৪ অর্থবছরের SFI (গুরুতর আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তির ব্রডশিট জবাব পুনরায় প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাদ্বারা ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইন্সটিটিউট এর ২০২৩-২০২৪ অর্থবছরের ৩টি (অনুচ্ছেদ নং- ০৩, ০৪ ও ০৫) SFI (গুরুতর আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তির ব্রডশিট জবাব অত্র অধিদপ্তরে পাওয়া গিয়েছে। কিন্তু প্রমাণকসহ ব্রডশিট জবাব যথাযথ না হওয়ায় উক্ত আপত্তি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হয়নি। উল্লিখিত অডিট আপত্তির ঘাটতির বিবরণ পৃথক পাতায় বর্ণনা করা হলো (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, উক্ত SFI অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশিট জবাব তিন সেট আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ অধিদপ্তরে পুনরায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক (পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ

ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইন্সটিটিউট, ব্রাহ্মণবাড়িয়া।


অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। পরিচালক (পিআইইউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

০৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। সংশ্লিষ্ট নথি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
শাখা- ১০ (পিআইইউ)
www.techedu.gov.bd

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইন্সটিটিউট এর ২০২৩-২০২৪ অর্থবছরের SFI (গুরুতর আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তি ০৩টি (অনুচ্ছেদ নং- ০৩, ০৪ ও ০৫) ব্রডশিট জবাবে ঘাটতির বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	নিরীক্ষার সন, অনুচ্ছেদ ও আপত্তির ধরণ	শিরোনাম	ঘাটতির বিবরণ	মন্তব্য
১	আপত্তির সাল: ২০২৩-২০২৪ অনুচ্ছেদ: ০৩ (SFI)	শিক্ষার্থীগণের নিকট হতে পরিপত্রের নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে বিভিন্ন খাতে ফি আদায় ১,২০,১৩০/- টাকা।	ক). নিরীক্ষার সুপারিশ অনুযায়ী আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।	আপত্তিকৃত টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক প্রমাণক সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে।
২	আপত্তির সাল: ২০২৩-২০২৪ অনুচ্ছেদ: ০৪ (SFI)	শিক্ষার্থীগণের নিকট হতে পরিপত্র বর্হিভূত বিভিন্ন খাতে আদায় করায় আর্থিক ক্ষতি ২,৫৬,০০০/- টাকা।	ক). নিরীক্ষার সুপারিশ অনুযায়ী আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।	আপত্তিকৃত টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক প্রমাণক সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে।
৩	আপত্তির সাল: ২০২৩-২০২৪ অনুচ্ছেদ: ০৫ (SFI)	সরবরাহকারীর অনুকূলে চেক/ক্রসড চেক ইস্যু না করে অধ্যক্ষ এবং অন্যান্য ব্যক্তিবর্গের অনুকূলে চেক ইস্যু করে অনিয়মিতভাবে ব্যয় ৩,১৭,৬০০/- টাকা।	ক). ব্রডশিট জবাবের সপক্ষে কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি; খ). যেসকল দোকান থেকে মালামাল ক্রয় করা হয়েছে সেসকল দোকানদার কর্তৃক গৃহীত সকল বিলের বিপরীতে বিলের সমপরিমাণ টাকা বুঝিয়া পেলাম, এই মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করা হয়নি; গ). অডিট পরবর্তী সময়ে বিধি মোতাবেক সরবরাহকারীর অনুকূলে চেক/ক্রসড চেক ইস্যু করা হচ্ছে, এরূপ প্রমাণক সংযুক্ত করা হয়নি;	উল্লিখিত ঘাটতিসমূহ প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে।

বি: দ্র: উল্লিখিত অডিট আপত্তিসমূহের খসড়া ব্রডশিট জবাব প্রস্তুত করে এ অধিদপ্তরের অডিট শাখার সাথে আলোচনা পূর্বক চূড়ান্ত ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে। [ই-মেইল: dte.piu.ad@gmail.com]

D:\GOBINDA BASAK\2024\AUDIT LETTER (GENERAL & ADVANCE) 2024\NOVEMBER-2024.DOC

Basak
27/10
2024

Rakib
27.10.24
M. A. Rakib
Assistant Director (Audit)
Directorate of Technical Education
Agara Gao, Dhaka-1207

Rakib
27/10/24
M. A. Rakib
Assistant Director
Directorate of Technical Education
Agara Gao, Dhaka-1207